

মাননীয়

কর্মচারী বিষয়ক অধিকর্তা এবং পদাধিকারে মুখ্য বাস্তকার,
জলসম্পদ ও উন্নয়ন অধিকার,
খাদ্য ভবন, কলকাতা।

বিষয় : আমতা - ২ নং সমষ্টি উন্নয়ন আধিকারিক দপ্তরে কর্মরত এস.এ.ই.শ্রী সুজিত ভৌমিক-র উপর অফিস
দপ্তরে নির্বাচিত জন প্রতিনিধিদের নেতৃত্বে হামলা ও দৈহিক নির্যাতন পরবর্তী প্রশাসনিক হস্তক্ষেপ প্রসঙ্গে।

মহাশয়,

গত ১৪ জানুয়ারী ২০১৫ হাওড়া জেলার আমতা-২ নং সমষ্টি উন্নয়ন আধিকারিক দপ্তরে কর্মরত সাব-এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার
(ডব্লু.আর.ডি. ডি.) শ্রী সুজিত ভৌমিক-এর উপর অফিস দপ্তরে নির্বাচিত জন প্রতিনিধিদের নেতৃত্বে হামলা ও দৈহিক নির্যাতনের ঘটনা আপনি
নিশ্চয়ই ইতিমধ্যে প্রচার-মাধ্যম মারফৎ অবগত হয়েছেন। দৈহিক আক্রমণের মুখে পড়া সংশ্লিষ্ট এস.এ.ই. বর্তমানে অসুস্থ হয়ে চিকিৎসাধীন
অবস্থায় ছুটিতে রয়েছেন।

বর্তমানে ঐ সমষ্টি উন্নয়ন আধিকারিক দপ্তরে মাত্র দুইজন এস.এ.ই. কর্মরত, যার মধ্যে একজন প্রশাসনিক কাজে বাইরে ছিলেন ফলে
শ্রী ভৌমিক সেদিন একাই এস.এ.ই.-দের জন্য নির্দিষ্ট ঘরে প্রশাসনিক কাজে ব্যস্ত ছিলেন। আক্রমণকারী জনপ্রতিনিধিরা নির্দিষ্ট একটি ঢালাই
রাস্তার প্রকল্পের কোন রকম অনুসন্ধান ব্যতিরেকেই অনুমোদন করার দাবী করে। শ্রী ভৌমিক না দেখে ভেটিং করতে রাজী না হওয়ায় প্রাথমিক
বাক-বিতণ্ডার পরে ঘরের দরজা বন্ধ করে শ্রী ভৌমিককে দৈহিক আক্রমণ করে। ঐদিন দপ্তরে উপস্থিত অন্যান্য অংশের কর্মচারীরা শ্রী ভৌমিক-
এর চিৎকার শুনে দরজা ভেঙ্গে তাকে রক্ষা করতে না পারলে তার প্রাণহানি ঘটা অবস্যম্ভাবী ছিল। আক্রান্ত শ্রী ভৌমিককে উদ্ধার করে নিয়ে উক্ত
সমষ্টি উন্নয়ন আধিকারিক দপ্তরের কর্মচারীরা যৌথভাবে লিখিত প্রতিবাদপত্র পেশ করে সমষ্টি উন্নয়ন আধিকারিকের পক্ষ থেকে এফ.আই.আর.
করার দাবী জানান। তার পর কর্মচারীরাই শ্রী ভৌমিককে নিয়ে ব্লক স্বাস্থ্যকেন্দ্রে প্রাথমিক চিকিৎসা করিয়ে পুনরায় দপ্তরে ফিরে আসেন এবং
চিকিৎসা সংক্রান্ত নথিসহ আক্রান্ত শ্রী ভৌমিক-এর লিখিত আবেদন আধিকারিকের নিকট জমা করানোর উদ্যোগ গ্রহণ করেন, কিন্তু এই সময়
আধিকারিক দপ্তরে উপস্থিত না থাকায় অফিসেই আবেদনটি জমা দেওয়া হয়(যা এই পত্রের সঙ্গে যুক্ত করা হল)।

বর্তমানে শূন্যপদ জনিত সমস্যায় সমষ্টি উন্নয়ন আধিকারিক স্তরে কর্মরত এস.এ.ই.-রা এমনিতেই অত্যধিক চাপের মুখে কাজ করতে
বাধ্য হওয়ায়, সমস্ত কাজ সরকারী নিয়ম-কানুন বজায় রেখে পরিচালনা করতে তারা বাস্তব অসুবিধার মধ্যেই রয়েছেন। একই সঙ্গে পাশাপাশি
অন্তর্ভুক্ত গ্রাম পঞ্চায়েত থেকে পাঠানো প্রকল্পগুলির ভেটিংসমূহ সময়সীমার মধ্যে করতে সমষ্টি উন্নয়ন আধিকারিক দপ্তরে চুক্তির ভিত্তিতে
কর্মরত টেকনিক্যাল এ্যাসিস্ট্যান্টদের ওপর নির্ভরশীল থাকতেই হয়। এক্ষেত্রে গ্রাম পঞ্চায়েতে কর্মরত নির্মাণ সহায়ক কর্তৃক প্রস্তুত করা এবং
সমষ্টি উন্নয়ন আধিকারিক দপ্তরে চুক্তির ভিত্তিতে কর্মরত টেকনিক্যাল এ্যাসিস্ট্যান্টদেরপক্ষ থেকে প্রাথমিকভাবে পরীক্ষা-নিরীক্ষা করা প্রকল্পগুলি
জনস্বার্থে যথাসম্ভব ত্রুটি মুক্ত করে ভেটিং করার দায় এই অংশের এস.এ.ই.-দেরই পালন করতে হয়।

বর্তমান সময়ে সমষ্টি উন্নয়ন আধিকারিক দপ্তরে রাজ্যের উন্নয়নমূলক কাজে যুক্ত থাকা এস.এ.ই.-দের যেকোন ধরনের অনৈতিক
চাপের নিকট নতিস্বীকার করতে না চাইলেই এধরনের হুমকি, হামলা ও নির্যাতনের মুখোমুখী হতে হচ্ছে। এটি একটি ঘটনা যা সংবাদ-মাধ্যমে
জানা গেছে, এরকম বহু ঘটনা সবটা জানাও যায় না। বহুক্ষেত্রেই হুমকি, হামলা ও নির্যাতনের ভয়ে সংশ্লিষ্ট স্তরের এস.এ.ই.-রা নির্বিবাদী
থাকছেন।

জানা যাচ্ছে এখনো পর্যন্ত আধিকারিকের পক্ষ থেকে কোন ধরনের এফ.আই. আর. করা বা প্রশাসনিক উদ্যোগ গৃহিত হয়নি,
এমতাবস্থায় আপনার পক্ষ থেকে এবিষয়ে সুবিচারের আশায় দ্রুত প্রশাসনিক হস্তক্ষেপ দাবী করছি এবং ২০১৫ সালের বাৎসরিক বদলীর
আদেশনামায় শ্রী ভৌমিককে বদলী করে উলুবেড়িয়াতে স্থানান্তরের দাবী জানাচ্ছি। একই সঙ্গে অন্যান্য ক্যাডারগত সমস্যা প্রসঙ্গে সামগ্রিক
আলোচনার জন্য আপনার সময় সুযোগমত অতিদ্রুত একটি নির্দিষ্ট দিন ও সময় নির্ধারণের জন্য অনুরোধ জানাই।

ধন্যবাদান্তে,

সংযুক্তি : শ্রী ভৌমিকের আবেদনের কপি।

ভবদীয়,

সামবেদ্য পান ২০/০১
|| সাধারণ সম্পাদক ||

অনুলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :
১) সাধারণ সম্পাদক, রাজ্য কো-অর্ডিনেশন কমিটি, কলকাতা।

সামবেদ্য পান ২০/০১
|| সাধারণ সম্পাদক ||

Water Resources Dev. Div.
RECEIVED
Contents Not Verified